আজ আপসহীন নেত্রী খালেদা জিয়ার ৮২তম জন্মদিন

আপসহীন নেত্রী খালেদা জিয়া। ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী প্রয়াত খালেদা জিয়ার ৮২তম জন্মদিন আজ। ১৯৪৫ সালের ১৫ আগস্ট দিনাজপুরে জন্মগ্রহণ করেন তিনি। জন্মদিন উপলক্ষে দেশজুড়ে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করেছে বিএনপি।

শুক্রবার (১৪ আগস্ট) দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশের বিভিন্ন স্থানে বিএনপির দলীয় কার্যালয় ও মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে। ঢাকায় সকাল ১১টায় নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এ কর্মসূচি পালন করা হবে। কর্মসূচি যথাযথভাবে পালনের জন্য বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানানো হয়েছে।

খালেদা জিয়ার পারিবারিক নাম খালেদা খানম এবং ডাকনাম পুতুল। তার শৈশব ও শিক্ষাজীবনের একটি অংশ কেটেছে দিনাজপুরে। সেখানে মিশনারি স্কুল ও পরে দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে পড়াশোনা করেন তিনি।

১৯৬০ সালে তৎকালীন পাকিস্তান সেনাবাহিনীর কর্মকর্তা জিয়াউর রহমানের সঙ্গে তার বিয়ে হয়। মুক্তিযুদ্ধের সময় জিয়াউর রহমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। স্বাধীনতার পর ১৯৭৮ সালে তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি প্রতিষ্ঠা করেন।

১৯৮১ সালে জিয়াউর রহমান নিহত হওয়ার পর বিএনপির নেতৃত্বে আসেন খালেদা জিয়া। এরপর সামরিক শাসক হুসেইন মুহম্মদ এরশাদের বিরুদ্ধে আন্দোলনে নেতৃত্ব দিয়ে তিনি দেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ অবস্থান তৈরি করেন। ওই সময় তার আপসহীন রাজনৈতিক অবস্থানের কারণে 'আপসহীন নেত্রী' হিসেবে পরিচিতি পান।

১৯৯১ সালে দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেন খালেদা জিয়া। পরবর্তী সময়ে আরও দুই মেয়াদে সরকারপ্রধানের দায়িত্ব পালন করেন তিনি।

পরবর্তী রাজনৈতিক জীবনে বিভিন্ন সময় কারাবন্দি ও মামলার মুখোমুখি হন খালেদা জিয়া। ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি দুর্নীতির মামলায় সাজা হওয়ার পর তাকে কারাগারে নেওয়া হয়। পরে শারীরিক অসুস্থতার কারণে দীর্ঘ সময় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

গত ৩০ ডিসেম্বর চিকিৎসাধীন অবস্থায় খালেদা জিয়া মারা যান। মৃত্যুর আগ পর্যন্ত তিনি বিএনপির চেয়ারপারসনের দায়িত্বে ছিলেন। বর্তমানে দলটির নেতৃত্বে রয়েছেন তার জ্যেষ্ঠ ছেলে তারেক রহমান।